ভোরের কাগজ

তারিখ ........ পৃষ্ঠা ২ কলাম ৪ ......

12 2002

# আইবিএ ছাত্রছাত্রীদের জন্য — ডাচ-বাংলার বৃত্তি

ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশন, তার সামাজিক অঙ্গীকারের অংশ হিসেবে শিক্ষাখাতের উন্নয়নের জন্য শনিবার একটি অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে ইনস্টিটিউট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে ৬টি বৃত্তি প্রদান করেছে। ব্যাংকের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক আবুল হাশেম খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং আইবিএ-এর পরিচালক ড. আনোয়ার হোসেন বৃত্তিপ্রাপ্তদের মধ্যে মঞ্জুরিপত্র হস্তান্তর করেন।

এবার ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশন বৃত্তি লাভ করেন ব্যাচেলর্স অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ)-এর শিক্ষার্থী ফারিয়া মাহতাব, এটিএম শামীমুজ্জামান, সারাহ আনাম, কেএম জহিরুল কাইয়ুম এবং মাস্টার্স অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)-এর শিক্ষার্থী তসলিম সুলতানা শোপা ও মোহাম্মদ সাইফ নোমান খান। এ বৃত্তি কর্মসূচির আওতায় বৃত্তিপ্রাপ্ত প্রতিটি শিক্ষার্থীকে প্রতিমাসে ২ হাজার টাকা দেয়া হবে। এছাড়া বইপত্র ক্রয়ের জন্য প্রতিবছর এককালীন ৫ হাজার টাকা দেয়া হবে। উল্লেখ্য, এ কর্মসূচির আওতায় প্রথম পর্যায়ে ৩৫ জন শিক্ষার্থীকে এ বৃত্তি প্রদান করার পরিকল্পনা নেয়া হয়েছে। যার মধ্যে আছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের ৪টি বিভাগের ২৪ জন শিক্ষার্থী, ইনস্টিটিউট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের ৬ জন শিক্ষার্থী এবং বাকি ৫ জন শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের।

ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক আবুল হাশেম খান তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, ছাত্রবৃত্তি প্রকল্প ব্যাংকের আরও একটি উন্নয়নমূলক প্রকল্প। যাদের জন্য ব্যাংক কাজ করছে তাদের প্রতি ব্যাংকের দায়িত্ববোধের অংশ হিসেবে এ ধরনের জনহিতকর কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

এ উপলক্ষে প্রদত্ত বক্তব্যে আইবিএ-এর পরিচালক ড. আনোয়ার হোসেন ব্যাংকের ব্যবস্থাপনা পর্ষদকে আন্তরিক কৃতজ্ঞতা জানান এবং অন্যদেরকেও আগামী দিনে এ ধরনের মহৎ উদ্যোগ নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন, এ ধরনের উদ্যোগের ফলে আমাদের নতুন প্রজন্ম দেশ গঠনে আরও উৎসাহিত হবে। সংবাদ বিজ্ঞপ্তি।